# সংগ্রাম বার্তা

একটি উপকূলীয় উন্নয়ন সাময়িকী

সংখ্যা ৫৭

১৫ তম বর্ষ | অক্টোবর ২০১৯


সংগ্রাম'র কার্যনির্বাহী পরিষদের সভাপতি জনাব জিয়াউল করিম'র মাতা সাপিয়া বেগম ১৬ অক্টোবর পরলোক গমন করেছেন। তাঁর মৃত্যুতে সংগ্রাম পরিবারের পক্ষ থেকে গভীরভাবে শোক প্রকাশ করছি এবং তাঁর রুহের মাগফেরাত কামনা করছি।

## বরগুনায় মুগাঙ্কুরের প্রচারণাসভা




*মুগাঙ্কুর বিষয়ক মূল্যবান বক্তব্য দিচ্ছেন বরগুনার জেলা প্রশাসক জনাব মোস্তাইন বিল্লাহ*

বরগুনায় মুগডালের অঙ্কুর খাদ্য হিসেবে খাওয়ার প্রচারণাসভা অনুষ্ঠিত হয়েছে। স্থানীয় এনজিও সংগ্রাম'র আয়োজনে ১৮ সেপ্টেম্বর এই প্রচারণাসভা সংগ্রাম প্রশিক্ষণ ভেন্যুতে অনুষ্ঠিত হয়েছে।

সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মোহাম্মদ মাসুমের সভাপতিত্বে অনুষ্ঠিত মুগাঙ্কুর প্রচারণাসভায় প্রধান অতিথি ছিলেন বরগুনার জেলা প্রশাসক জনাব মোস্তাইন বিল্লাহ। বিশেষ অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ মতিয়ুর রহমান, বরগুনা এনজিও ডেভেলপমেন্ট ফোরামের সভাপতি আবদুল মোতালেব মৃধা, উপজেলা নির্বাহী অফিসার মো. আনিচুর রহমান, বরগুনা প্রেসক্লাবের সভাপতি চিত্তরঞ্জন শীল। বক্তব্য রেখেছেন বিএডিসি'র উপ-পরিচালক মো. রমিজুর রহমান, লোকবেতারের স্টেশন ম্যানেজার মনির হোসেন কামাল, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এম মিজানুর রহমান, জেলা শিক্ষা অফিসার মো. শাহাদাৎ হোসেন, চ্যানেল আই জেলা প্রতিনিধি মো. হাসানুর রহমান ঝন্টু, অন্বেষা সমাজ উন্নয়ন সোসাইটি'র নির্বাহী পরিচালক মো. শামুদ্দীন খান প্রমুখ।

মুগাঙ্কুরের পুষ্টিগুণ নিয়ে আলোচনা করেন পটুয়াখলী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ফ্যাকালটি অব নিউট্রিশন এন্ড ফুড সাইন্স'র সহকারী প্রফেসর সুজন কান্তি মালি। মুগাঙ্কুর তৈরির বিভিন্ন পদ্ধতি নিয়ে আলোচনা করেন সংগ্রাম'র পেস প্রকল্পের ভেল্যুচেইন ফেসিলিটেটর মো. বেলাল হোসেন। অনুষ্ঠানে মুগাঙ্কুরের বিভিন্ন রেসিপি নিয়ে ভিডিও প্রদর্শন করা হয়। স্টলের মাধ্যমে বিভিন্ন ধরনের মুগাঙ্কুর, মুগাঙ্কুর তৈরির সরঞ্জাম ও তৈরিকৃত নানা ধরনের খাবার প্রদর্শন করা হয়।

প্রধান অতিথি বরগুনার জেলা প্রশাসক জনাব মোস্তাইন বিল্লাহ তাঁর বক্তব্যে বলেন যে, একজন পূর্ণ বয়স্ক মানুষের প্রতিদিন ৪০-৪৫ গ্রাম ডাল খাওয়া প্রয়োজন, কিন্তু সেখানে দেশের মানুষ গড়ে ডাল খেতে পায় মাত্র ১০-১২ গ্রাম যা প্রয়োজনের তুলনায় অনেক কম। আমাদের দেশের মানুষ ডাল দিয়ে অনেক রেসিপি তৈরি করে খেয়ে থাকে সেক্ষেত্রে মুগাঙ্কুর একটি উপাদেয় খাবার হতে পারে। মুগাঙ্কুর প্রোটিনের একটি ভালো উৎস। মুগডালের তুলনায় মুগাঙ্কুরে ৪শ' গুণ বেশি পুষ্টিগুণ রয়েছে। আমাদের পারিবারিক, সামাজিক ও জাতীয় পুষ্টিতে এ বিষয়টি যোগহলে সবজি তথা পুষ্টিতে অনন্য ভূমিকা রাখতে পারবে মুগাঙ্কুর।

## সবজি চাষ বিষয়ক কৃষক প্রশিক্ষণ ও কৃষকদের মাঝে সবজি চারা বিতরণ

আধুনিক পদ্ধতিতে মুগডাল ও বসতবাড়িতে সবজি চাষ এবং বাজারজাতকরণের মাধ্যমে উদ্যোক্তার আয়বৃদ্ধিকরণ ও কর্মসংস্থান সৃষ্টি শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্পের চাষীদের সবজি চাষ বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। পিকেএসএফ এর অর্থায়নে সংগ্রাম এই প্রশিক্ষণ আয়োজন করেন। গত ২৭ সেপ্টেম্বর এই প্রশিক্ষণ চৌধূরী মাসুম কৃষি প্রযুক্তি ইনস্টিটিউটে অনুষ্ঠিত হয়।



*কৃষকদের মাঝে সবজি চারা বিতরণ করছেন*
*পিকেএসএফ'র সিনিয়র মহাব্যবস্থাপক ড. আকন্দ মোঃ রফিকুল ইসলাম*

উদ্বোধনী অনুষ্ঠানে চৌধূরী মোহাম্মদ মাসুম সভাপতিত্ব করেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিকেএসএফ'র সিনিয়র মহাব্যবস্থাপক ড. আকন্দ মোঃ রফিকুল ইসলাম। আরও উপস্থিত ছিলেন পিকেএসএ'র পেস (কাঁকড়া) প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক মো. নজরুল ইসলাম ও প্রকল্প ব্যবস্থাপক মাসুম সরকার। প্রশিক্ষণ প্রদান করেন সংশ্লীষ্ট প্রকল্পের কর্মকর্তাবৃন্দ।

প্রশিক্ষণ শেষে প্রধান অতিথি পাথরঘাটা এলাকার কৃষকদের মাঝে আগাম সবজি চাষের জন্য রংপুর থেকে সংগৃহিত টমেটো, ফুলকপি, বাঁধাকপি ও বেগুনের চারা প্রদান করেন। প্রত্যেক কৃষক ১০০টি করে চারা ও জীবাণু সার পেয়েছে।

# ২ শত টাকা কিস্তিতে টাচ মোবাইল



সংগ্রাম'র সদস্যদের প্রযুক্তিগত জ্ঞাণ বৃদ্ধি, কিস্তির টাকা বিকাশের মাধ্যমে নিজেই প্রদান করা এবং আধুনিক সুযোগ-সুবিধা সহজে হাতের কাছে পাওয়ার জন্য সংগ্রাম তার সদস্যদের মধ্যে কিস্তিতে টাচ মোবাইল বিক্রির উদ্যোগ গ্রহন করেছে। এ জন্য রবি এবং একটি মাইক্রো-বীমা সরবরাহকারী প্রতিষ্ঠান আরথিক'র সাথে একটি ত্রিপক্ষীয় চুক্তি সম্পন্ন করেছে। চুক্তিকালীন সময়ে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)'র উপ ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. ফজলুল কাদের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ত্রিপক্ষীয় প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন রবির এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট, নিউ বিজনেস অ্যান্ড এম-মানি প্রোডাক্টস, আহমেদ আরমান সিদ্দিকী, আরথিক'র ব্যবস্থাপনা পরিচালক, খালিদ হোসেন। সংগ্রাম এর পক্ষে চুক্তি স্বাক্ষর করেন সংগ্রাম'র মানব সম্পদ ও প্রশাসন বিভাগের পরিচালক জনাব চৌধুরী মোহাম্মদ মঈন। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন রবি'র জেনারেল ম্যানেজার, নিউ বিজনেস অ্যান্ড এম-মানি প্রোডাক্টস, এ এম শাখাওয়াত হোসেন, ম্যানেজার, নিউ বিজনেস অ্যান্ড এম-মানি প্রোডাক্টস, রাজু আহমাদ এবং আরথিক'র ডিরেক্টর, তাবাসসুম আল-আক্তার এবং নাফিউর রহমান।

এই চুক্তির ফলে সংগ্রাম কর্মএলাকার সুবিধাভেগি মাত্র ২০০ টাকা কিস্তিতে টাচ মোবাইল ক্রয়ের সুবিধা পাবেন। মোবাইলের সাথে সিম ফ্রি ও ৪৮ জিবি ডাটা ফ্রি পাবে এবং এক বছরের জন্য ইন্সুরেন্স সুবিধা ক্রয়কারি গ্রাহক পাবে। এছাড়াও রবি ও আরথিক বিক্রির সাথে সংশ্লীষ্ট কর্মীদের বিভিন্ন প্রশিক্ষণ এবং সচেতনতা কর্মসূচির ব্যবস্থা করবে।

# এলনা প্রজেক্ট'র আওতায় ২দিনব্যাপি প্রশিক্ষক প্রশিক্ষণ




এম্পাওয়ারিং লোকাল এন্ড ন্যাশনাল হিউম্যানিটেরিয়ান এ্যাক্টরস (এলনা) প্রজেক্ট'র আওতায় সংগ্রাম (সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচী)'র আয়োজনে বরগুনায় দুই দিনব্যাপী প্রশিক্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

গত ১৬ অক্টোবর স্থানীয় আরডিএফ প্রশিক্ষণ কেন্দ্রে অক্সফাম ও কোডেক'র সহায়তায় এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। সংগ্রাম'র পরিচালক মো. ইউসুফ'র সভাপতিত্বে প্রশিক্ষণের উদ্বোধন করেন বরগুনা জেলা শিক্ষা অফিসার মো. শাহাদাৎ হোসেন। বিশেষ অতিথি ছিলেন বরগুনা এনজিও ডেভেলপমেন্ট ফোরামের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আবদুল মোতালেব মৃধা, কোডেক-এলনা প্রকল্পের প্রজেক্ট ম্যানেজার শংকর কুমার বিশ্বাস, অন্বেষা সমাজ উন্নয়ন সোসাইটি'র নির্বাহী পরিচালক মো. শামস উদ্দীন খাঁন।

বরগুনা জেলার ৩৫টি মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও প্রাথমিক বিদ্যালয়ের স্কুল ব্যবস্থা কমিটির সদস্য, শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীদের দুর্যোগ ঝুঁকি হ্রাস ও অভিযোজন সক্ষমতা বৃদ্ধি করার জন্য একটি প্রশিক্ষক দল তৈরি করার উদ্দেশ্যে আয়োজিত এই প্রশিক্ষণে বরগুনার সাতটি এনজিও'র ২৫জন প্রতিনিধি এই প্রশিক্ষণে অংশগ্রহন করেন। সংগ্রাম'র প্রশিক্ষণ বিভাগের প্রধান মো. মাসউদ সিকদার এই প্রশিক্ষণে সহায়কের দায়িত্ব পালন করেন।

# বিনামূল্যে চক্ষু ক্যাম্প অনুষ্ঠিত

বরগুনার চান্দখালীতে সংগ্রাম'র উদ্যোগে বিনা মূল্যে চক্ষু চিকিৎসা সেবা, ওষুধ বিতরণ ও ছানী অপারেশনের জন্য রোগি সনাক্ত করা হয়েছে। ১৯ অক্টোবর এই চক্ষু শিবির চান্দখালী বাজারে সংগ্রাম'র খলিশাখালী শাখা কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে।

সংগ্রাম'র এরিয়া ম্যানেজার মো. লিমন মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধুরী মোহাম্মদ মাসুম। বিশেষ অতিথি ছিলেন ডাক্তার নূর আহম্মেদ সাঈদ, ইস্পাহানী ইসলামিয়া চক্ষু হাসপাতালের ক্যাম্প সুপারভাইজার মো. মনির হোসেন, কাউন্সিলর খাদিজা আকতার। বক্তব্য রাখেন ইতিমধ্যে অপারেশনের মাধ্যমে সুস্থ হওয়া রোগি খবির হাওলাদার ও সংগ্রাম'র পরিচালক মো. মাসউদ সিকদার।

উদ্বোধনকালে চৌধুরী মোহাম্মদ মাসুম বলেন, বিনা মূল্যে চক্ষু চিকিৎসা সেবা ও ওষুধ বিতরণ একটি মহৎ কাজ। এ ধরনের সেবামূলক কার্যক্রমে দরিদ্র রোগিরা স্থানীয় পর্যায়ে সুবিধা পেয়ে জীবনের বাকি দিনগুলি ভালোভাবে কাটাতে পারে। আগামীতে এ চিকিৎসা সেবার ধারা অব্যাহত থাকবে বলে তিনি প্রত্যাশা ব্যক্ত করেন। পরে তিনি চিকিৎসাপ্রাপ্তদের ওষুধ বিতরণ করেন। অত্র ক্যাম্পের মাধ্যমে ১৮০ জন রোগিকে সেবা দেয়া হয় ও ৩৭ জন রোগিকে ছানী অপারেশনের জন্য চিহ্নিত করা হয়। পরে নির্বাচিত রোগিদের অপারেশনের জন্য বরিশালে নিয় যাওয়া হয়।



*চক্ষু পরিক্ষারত বিশেষজ্ঞ চিকিৎসক*

## কাঁকড়া চাষীদের
# নেতৃত্ব উন্নয়ন প্রশিক্ষণ

কাঁকড়া চাষ প্রযুক্তি সম্প্রসারণ ও বাজারজাতকরণের মাধ্যমে উদ্যোক্তাদের আয়বৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টি শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্পের আওতায় ২দিন ব্যাপি লিড ফার্মারদের নেতৃত্ব উন্নয়ন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। পিকেএসএফ'র সহযোগিতায় সংগ্রাম এই প্রশিক্ষণ আয়োজন করে। ২৬ থেকে ২৭ অক্টোবর দু'দিন মেয়াদের এই প্রশিক্ষণ চৌধূরী মাসুম কৃষি প্রযুক্তি ইনস্টিটিউটে অনুষ্ঠিত হয়।




*প্রশিক্ষণের উদ্বোধন করছেন পাথরঘাটা উপজেলার সিনিয়র মৎস্য কর্মকর্তা জয়ন্ত কুমার অপু*

সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মোহাম্মদ মাসুমের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রশিক্ষণের উদ্বোধনীতে প্রধান অতিথি ছিলেন পাথরঘাটা উপজেলার সিনিয়র মৎস্য কর্মকর্তা জয়ন্ত কুমার অপু, বিশেষ অতিথি হিসেবে ছিলেন সংগ্রাম'র উপ-পরিচালক মো. মিজানুর রহমান মানিক ও পেস (কাঁকড়া) প্রকল্পের ভ্যেলুচেইন ফেসিলিটেটর মো. গিয়াস উদ্দিন। প্রশিক্ষণ প্রদান করেন সংগ্রাম'র পরিচালক (প্রশিক্ষণ) মো. মাসউদ সিকদার ও সহকারি ভ্যেলুচেইন ফেসিলিটেটর গোলাম মোর্শেদ রাহাত। দু'দিন ব্যাপি এই প্রশিক্ষণে পাথরঘাটার ৩০টি কাঁকড়া চাষি দলের ৩০জন নেতা অংশগ্রহন করেন।

কর্মশালায় প্রধান অতিথি বলেন, 'অত্র উপকূলীয় অঞ্চলে জলবায়ু পরিবর্তনের সাথে অভিযোজিত কর্মকান্ড হিসাবে কাঁকড়া মোটাতাজাকরণ কর্মকান্ড সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করার ফলে এলাকার মানুষের জীবনযাত্রার মানের পরিবর্তন করা সম্ভব হবে বলে আমি মনে করি। এছাড়া কাঁকড়া ধরা, আহরণ, সংগ্রহ, সংরক্ষণ ও পরিবহনের বিষয়সমূহে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় জ্ঞান ও উন্নত মোটাতাজাকরণ চাষ প্রযুক্তি প্রচলনের মাধ্যমে সদস্যদের আয়বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, পুষ্টির চাহিদা পূরনসহ জাতীয় অর্থনীতিতে আরও অধিকতর অবদান রাখতে সক্ষম হবে।'

# পাথরঘাটায় দুর্যোগে তহবিল গঠন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

বরগুনা জেলার পাথরঘাটা উপজেলায় অংশিদারিত্বের ভিত্তিতে দুর্যোগ ঝুঁকি মোকাবেলায় স্থানীয় পর্যায়ে তহবিল গঠন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালা শেষে স্থানীয় দাতাদের সমন্বয়ে দুর্যোগভিত্তিক তহবিল সংগ্রহ ও দুর্যোগে তাৎক্ষণিক সাড়া প্রদানের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। গত ২৯ সেপ্টেম্বর পাথরঘাটার সংগ্রাম ভেন্যুতে এই কর্মশালা অনুষ্ঠিত হয়। এলনা কোডেক'র সহযোগিতায় সংগ্রাম এই কর্মশালার আয়োজন করে।




*অনুষ্ঠানে বক্তব্য দিচ্ছেন পাথরঘাটা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোস্তফা গোলাম কবির*

সংগ্রাম'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক চৌধূরী মোহাম্মদ মাসুমের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি ছিলেন পাথরঘাটা উপজেলা চেয়ারম্যান মোস্তফা গোলাম কবির। বিশেষ অতিথি ছিলেন পাথরঘাটা মুক্তিযোদ্ধা কমান্ডের ডেপুটি কমান্ডার ও জেলা পরিষদ সদস্য বীর মুক্তিযোদ্ধা এম এ খালেক, রায়হানপুর ইউনিয়নের চেয়ারম্যান মো. মিজানুর রহমান রূপক, সংকল্প ট্রাস্টে'র নির্বাহী পরিচালক ও পাথরঘাটা উপজেলা প্রেসক্লাবের সভাপতি মির্জা শহিদুল ইসলাম খালেদ, এলনা-কোডেক প্রজেক্টের প্রজেক্ট ম্যানেজার শংকর কুমার বিশ্বাস। বক্তব্য রাখেন বরগুনা ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধূরী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মোসা. নাসরিন সুলতানা, সংগ্রাম'র উপ-পরিচালক মিজানুর রহমান মানিক, পাথরঘাটা ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান শাকিল আহম্মেদ শিবু, সমাজসেবক চৌধূরী মোহাম্মদ ফারুক, সংকল্প ট্রাস্টের পরিচালক মো. আবদুর রহিম প্রমুখ।

পাথরঘাটা বাংলাদেশের সর্বদক্ষিণের সাগর সংলগ্ন দুর্যোগ ঝুঁকিপূর্ণ উপজেলা। প্রাকৃতিক দুর্যোগে ক্ষতির যথেষ্ট আশঙ্কা এখানে বিদ্যমান। সেকারনে দুর্যোগে যাতে স্থানীয় বাসিন্দারা নিজ উদ্যোগে তাৎক্ষণিকভাবে দুর্যোগ পরবর্তী সহযোগিতায় এগিয়ে আসতে পারে সেকারনে এই কর্মশালার মাধ্যমে এই উদ্যোগ গ্রহন করা হয়।

## দুর্যোগে সাড়া প্রদানে আধুনিক সরঞ্জামাদি বিষয়ক
# অ্যাডভোকেসি সভা

বরগুনার পাথরঘাটায় সংগ্রাম'র আয়োজনে ও কমিউনিটি ডেভেলপমেন্ট সেন্টার (কোডেক)'র সহযোগীতায় দুর্যোগে সাড়াদানের জন্য সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের আধুনিক সরঞ্জাম সম্পর্কে ধারণা প্রদান বিষয়ক অ্যাডভোকেসী সভা অনুষ্ঠিত হয়েছে।




অনুষ্ঠানে বক্তব্য দিচ্ছেন পাথরঘাটা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোস্তফা গোলাম কবির

৩০ অক্টোবর দিন ব্যাপি এই অ্যাডভোকেসী সভা পাথরঘাটায় সংগ্রাম প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। চৌধূরী মাসুম টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ মো. ফারুক হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পাথরঘাটা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোস্তফা গোলাম কবির। এ সময় আরো উপস্থিত ছিলেন, ফায়ার সার্ভিসের বরগুনা জেলা উপ-সহকারী পরিচালক সোহেল রানা, পাথরঘাটা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক মজিবুর রহমান কালু, পাথরঘাটা উপজেলা একাডেমিক সুপারভাইজার মো. মুনিরুল ইসলাম, কোডেক-এলনার প্রজেক্ট ম্যানেজার শংকর কুমার বিশ্বাস, সংগ্রাম'র পরিচালক মো. ইউসুফ। এই অ্যাডভোকেসী সভায় পাথরঘাটার সাগরবেস্টিত দুর্যোগ ঝুঁকির মধ্যে বসবাসকারী জনগোষ্ঠির প্রতিনিধি হিসেবে সাইক্লোন সেল্টারের সভাপতি, মসজিদ কমিটির সভাপতি, ইমাম, সিপিপি'র লিডার, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, ইউপি সদস্য, আশ্রয়ণ প্রকল্পের প্রধান, এনজিও প্রতিনিধি, সাংবাদিক ও দুর্যোগের সাথে সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

উদ্বোধন শেষে দুর্যোগে সাড়া দেয়ার জন্য আধুনিক যন্ত্রপাতি ও দুর্যোগ সক্ষমতা সম্পর্কে ধারণা প্রদান করেন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিপিপি, এনজিও সিসিডিবি, জাগোনারী, সংগ্রাম, এনএসএস ও উপজেলা ত্রাণ ও পূণর্বাসন অফিস। পরে সম্মিলিতভাবে দুর্যোগে সাড়াপ্রদানকে আরো শক্তিশালী ও কার্যোপযোগি করার জন্য একটি কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়।

# জাতীয় যুব দিবসে হাডুডু ও ফুটবল খেলা অনুষ্ঠিত

জেলা প্রশাসন, যুব উন্নয়ন অধিদপ্তর, সংগ্রাম ও সিয়াম ফাউন্ডেশন বাংলাদেশের আয়োজনে বরগুনায় জাতীয় যুব দিবস-২০১৯ উদযাপণকে কেন্দ্র করে হাডুডু ও ফুটবল প্রতিযোগিতার আয়োজন করে। দিবসটি উপলক্ষ্যে ১ নভেম্বর শুক্রবার বিকাল ৩টা ৩০ মিনিটে বরগুনা সার্কিট হাউস মাঠে এই খেলা শুরু হয়। ফুটবল খেলায় যুব উন্নয়ন অধিদপ্তরের যুব একাদশ বরগুনা এনজিও একাদশকে ১-০ গোলে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়। হাডুডু খেলাটি ড্র হয়। প্রধান অতিথি যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক মো. ওবায়দুল ইসলাম বিজয়ী ও বিজিত দলের মধ্যে ট্রফি এবং ক্রেস্ট প্রদান করেন।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বরগুনা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক মো. ওবায়দুল ইসলাম, বরগুনা এনজিও ডেভেলপমেন্ট ফোরামের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আবদুল মোতালেব মৃধা, সংগ্রামের উপ-নির্বাহী পরিচালক চৌধূরী মোহাম্মদ মুনীর, সিয়াম ফাউন্ডেশন বাংলাদেশ'র নির্বাহী পরিচালক মো. আরিফ হোসেন। এছাড়াও সরকারি ও বেসরকারি সংস্থার প্রতিনিধিবৃন্দ, সাংবাদিক, সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।



বিজয়ী দলকে ট্রফি প্রদান করছেন সংগ্রাম'র উপ-নির্বাহী পরিচালক চৌধূরী মোহাম্মদ মুনীর

এনজিও একাদশে সংগ্রাম, ব্র্যাক, শুশিলন, ডরূপ, হিড বাংলাদেশ, সিয়াম ফাউন্ডেশন, সঞ্চিত স্বপ্ন, আজাদ উন্নয়ন সংস্থা, আরডিএফ, পদক্ষেপ, আশার প্রতিনিধিবৃন্দ অংশ নেয়। অন্যদিকে যুব একাদশে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলার বিভিন্ন উপজেলা থেকে আগত খেলোয়াড় অংশ নেয়। রেফরি হিসেবে দায়িত্ব পালন করেন জেলা ক্রিড়া সংস্থার মকবুল হোসেন। ধারাভাষ্যে ছিলেন রাজন হাওলাদার। খেলা দুটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন জেলা ক্রিড়া সংস্থা ও বরগুনা জেলা প্রশাসনের প্রতিনিধিবৃন্দ।

খেলাটি উপভোগ করার জন্য বরগুনার বিভিন্ন শ্রেণিপেশার মানুষ উপস্থিত ছিলেন। বরগুনা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক মো. ওবায়দুল ইসলাম তাঁর বক্তব্যে বলেন, 'যুব সমাজকে কাজে লাগাতে না পারলে উন্নত সমৃদ্ধ দেশ গড়তে পারবোনা। সরকারি বেসরকারি পর্যায়ে বিভিন্ন কর্মদক্ষতামূলক প্রশিক্ষণ নিয়ে যুবরা স্বাবলম্বী হলে সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদকমুক্ত উন্নত বাংলাদেশ বিনির্মাণ হবে।'

**প্রধান পৃষ্ঠপোষক ঃ** চৌধুরী মোহাম্মদ মাসুম, **নির্বাহী সম্পাদক ঃ** চৌধুরী মোহাম্মদ মুনীর, **সম্পাদক ঃ** মোঃ মাসউদ সিকদার, **সহসম্পাদক ঃ** চৌধুরী মোহাম্মাদ মঈন
ইনফরমেশন সেল, সংগ্রাম, শহীদ স্মৃতি সড়ক, বরগুনা থেকে প্রকাশিত। ফোন ঃ +৮৮ ০৪৪৮ ৬২৮২৮
E-mail: sangramngo@yahoo.com, Facebook: facebook.com/ngosangram, Website: www.sangram.ngo